REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 22-03-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Election-Voter list:**

আসন্ন লোকসভা নির্বাচনে মনোনয়নপত্র গ্রহণের শেষ সময়সীমা পর্যন্ত চূড়ান্ত ভোটার তালিকায় নতুন ভোটারের নাম সংযোজন করা যাবে। নির্বাচন কমিশনের সচিব পবন দিওয়ান মুখ্য নির্বাচনী আধিকারিকদের কাছে লেখা একটি চিঠিতে একথা উল্লেখ করেছেন। কমিশনের এই নির্দেশিকা অনুযায়ী রাজ্যে পশ্চিম ত্রিপুরা লোকসভা এবং রামনগর বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের শেষ দিন অর্থাৎ আগামী ২৭শে মার্চ পর্যন্ত নতুন ভোটারের নাম চূড়ান্ত ভোটার তালিকায় সংযোজন করা যাবে। এক্ষেত্রে বয়সের ভিত্তি ধরতে হবে চলতি বছরের পয়লা জানুয়ারি। তাছাড়া লোকসভার দ্বিতীয় দফার নির্বাচনে অর্থাৎ পূর্ব ত্রিপুরার লোকসভা আসনের নির্বাচনে মনোনয়নপত্র গ্রহণের শেষ দিন অর্থাৎ চৌঠা এপ্রিল পর্যন্ত চূড়ান্ত ভোটার তালিকায় নতুন ভোটারের নাম সংযোজন করা যাবে।

*****************

**Vice president :**

উপরাষ্ট্রপতি জগদীপ ধনখর জোর দিয়ে বলেছেন যে অর্থনীতি এবং প্রযুক্তিতে ভারতের উত্থান বিশ্ব শান্তি ও সম্প্রীতির ক্ষেত্রে নিশ্চয়তা। তিনি আরও বলেন যে ভারত বিশ্বব্যাপী শান্তি, স্থিতিশীলতা এবং সম্প্রীতি লালন ও সুস্থায়ী করতে সমমনা দেশগুলিকে জড়িত করতে প্রতিশ্রুতিবদ্ধ। গতকালনতুনদিল্লির উপ-রাষ্ট্রপতি নিবাসে ইন্টারন্যাশনাল স্ট্র্যাটেজিক এনগেজমেন্ট প্রোগ্রামের উদ্বোধনী অংশগ্রহণকারীদের সঙ্গে মতবিনিময়কালে শ্রী ধনখর এই কথা বলেন।

*****************

**Governor:**

অন্ধ্রপ্রদেশের তিরুপতির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশান এন্ড রিসার্স'র ছাত্রছাত্রীদের এক প্রতিনিধিদল গতকাল রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সাথে সাক্ষাত করেন। রাজ্যপাল বলেন, ইতিহাস, দেশের বৈচিত্রময় সংস্কৃতি, জীবনযাত্রা এবং প্রশাসন প্রত্যক্ষ করার জন্য ছাত্রছাত্রীদের বিভিন্ন রাজ্য ভ্রমণের প্রয়োজন রয়েছে। তিনি বলেন, শুধুমাত্র ছাত্রছাত্রীরা নয় সরকারি কর্মী, জনপ্রতিনিধিদেরও অন্যদের সাফল্য বোঝার জন্য বিভিন্ন জায়গায় ভ্রমণ করা প্রয়োজন। ছাত্রছাত্রীদের সঙ্গে ছিলেন ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশান এন্ড রিসার্চের ডিন ড. বসুধা রাণী, এনআইটি আগরতলার অধিকর্তা প্রফেসর এস কে পাত্রা। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****************

**ECI, wrong information :**

নির্বাচন কমিশন সাধারণ নির্বাচনকে ঘিরে ভুল তথ্যের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত রয়েছে। এই বিষয়ে কমিশন কঠোর নির্দেশ জারি করেছে এবং সকল অংশীদারদের সতর্কতা ও দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছে। কমিশন রাজনৈতিক দলগুলিকে কোনও তথ্য সম্প্রচারের আগে যাচাই করার অনুরোধ করেছে।

*****************

**Shyamal Chakraborty:**

বিধায়ক শ্যামল চক্রবর্তী ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভায় বিরোধী দলের উপনেতা এবং বিধায়ক নির্মল বিশ্বাস বিরোধী দলের সচেতক হিসেবে দায়িত্ব পালন করবেন। ২১ মার্চ থেকে তাদের কার্যকালের মেয়াদ শুরু হয়েছে। রাজ্য বিধানসভার সচিব এই সংবাদ জানিয়েছেন।

*****************

**LS-Candidate :**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য এস.ইউ.সি.আই(সি) প্রার্থী অরুন কুমার ভৌমিক গতকাল রিটার্নিং অফিসার ডা: বিশাল কুমারের কাছে মনোনয়নপত্র পেশ করেন। উল্লেখ্য এই আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আগেই নির্দল প্রার্থী মিলনপদ মুড়াসিং মনোনয়নপত্র জমা দিয়েছেন।

*****************

**Vote Training :**

আসন্ন লোকসভা নির্বাচনের জন্য ভোট কর্মীদের প্রশিক্ষণ গতকাল থেকে শুরু হয়েছে। আগরতলার শিশু বিহার স্কুলে সদর মহকুমার আটটি বিধানসভা কেন্দ্রের জন্য ভোট কর্মীরা প্রশিক্ষণে অংশ নেন।

*****************

**Police arrangment at gomati district:**

গোমতী জেলায় নির্বাচনকে সুষ্ঠু ভাবে সম্পন্ন করার লক্ষ্যে পুলিশ প্রশাসনের পক্ষ থেকে যাবতীয় প্রস্তুতি নেওয়া হয়েছে l গোমতি জেলা পুলিশ সুপার নামিক পাঠক গতকাল আকাশবাণীর গোমতী জেলার প্রতিনিধিকে জানিয়েছেন, বর্তমানে গোমতী নিরাপত্তার কাজে মোতায়েন রয়েছে সিআরপিএফ, বিএসএফ জওয়ান l প্রতিদিন ফ্ল্যাগ মার্চ ,গাড়ির ট্রেকিং হোটেল রেস্টুরেন্ট চেকিং, নাকা চেকিং ইত্যাদি চলছে l এখন পর্যন্ত জেলায় কোন রকম অপ্রীতিকর ঘটনার খবর নেই।

*****************

**Ripablican party:**

লোকসভায় পশ্চিম আসনে প্রার্থী দিয়েছে রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া(আম্বেদকর)। দলের সাধারন সম্পাদক ডঃ মোহন লাল প্যাটেল এক বিবৃতিতে জানিয়েছেন পশ্চিম আসনে আইনজীবী অর্ণব রায়কে প্রার্থী করা হয়েছে। এদিকে, রাজ্যে রিপাবলিকান পার্টির কার্যকরী সভাপতি অনন্ত

দেববর্মা গতকাল আগরতলা প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং তিপরা মথার মধ্যে ত্রিপাক্ষিক চুক্তির ষ্পষ্টিকরণ জানতে চেয়েছেন। তিনি বলেন, চুক্তির মধ্যে কি কি বিষয় আছে এটা নিয়ে স্পষ্টীকরণ দরকার ।

*****************

**Control Room sepahijala:**

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন উপলক্ষে সিপাহীজলা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিকের কার্যালয়ে একটি কন্ট্রোল রুম খোলা হয়েছে। নির্বাচন সংক্রান্ত নানা বিষয়ে এই কন্ট্রোল রুমের সঙ্গে যোগাযোগ করা যাবে। যোগাযোগের জন্য কন্ট্রোল রুমের নম্বর হল ০৩৮১-২৮৬৭৩০৪।

*****************

**Northeast Games :**

নাগাল্যান্ডে আয়োজিত তৃতীয় উত্তরপূর্ব গেমসে ত্রিপুরাকে প্রথম স্বর্ণপদক এনে দিলো ফাতেমা বেগম। আসরের চতুর্থ দিনে গতকাল মহিলাদের ২০০ মিটার দৌড়ে ফতেমা ২৬.১৮ সেকেন্ড সময় করে প্রথম স্বর্ণপদক এনে দেন। টেবিল টেনিস ও পেনচাক সিলেটেও পদক জয় করেন ত্রিপুরার খেলোয়াড়রা। টেবিল টেনিসে শ্রেয়শী চক্রবর্তী ব্রোঞ্জ পদক পেয়েছে। পেনচাক সিলাট মার্শাল আর্ট খেলায় রাজ্যদল তিনটি ব্রোঞ্জ পদক পায়।

*****************

**Weather:**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ২৯ ডিগ্রী এবং সর্বনিম্ন ১৮ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৮.৬ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায়

বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*****************